Transport for NSW

# সড়ক নিরাপত্তা

## বাসে সিটবেল্ট নিরাপত্তা

বাসে সিটবেল্ট লাগানো থাকলে, আপনার সন্তানকে অবশ্যই সিটবেল্ট ব্যবহার করতে হবে। **এটিই আইন**।

বাসে সঠিকভাবে সিটবেল্ট পরার গুরুত্ব সম্পর্কে আপনার সন্তানের সাথে কথা বলুন।

তাদের মনে করিয়ে দিন যে কোন যানবাহনে তাদের অবশ্যই সঠিকভাবে সিটবেল্ট পরতে হবে।

যখন আপনি বা অন্য প্রাপ্তবয়স্করা সাধারণত আপনার সন্তানকে সিটবেল্ট  পরতে সাহায্য করেন, তখন তাদের এটি মনে করিয়ে দিন যে তাদের স্কুল বাসে থাকা অবস্থায় এটি সম্ভব নাও হতে পারে। এটি গুরুত্বপূর্ণ যে তারা তাদের সিটবেল্ট দৃঢ়ভাবে সামঞ্জস্য করা হয়েছে কিনা তা পরীক্ষা করে দেখে। কোলের অংশটি তাদের নিতম্ব জুড়ে সমতল থাকা উচিত এবং প্যাঁচানো থাকা উচিত নয়।

### সিটবেল্ট কেন গুরুত্বপূর্ণ?

একটি সিটবেল্ট পরা আপনার শিশুকে দুর্ঘটনার ক্ষেত্রে রক্ষা করতে সাহায্য করে।

একটি দুর্ঘটনায়, একটি সিটবেল্ট:

- গাড়ির মতো একই গতিতে শরীরকে ধীর করতে সাহায্য করে
- সংঘর্ষে সৃষ্ট প্রভাবের শক্তিকে শরীরের শক্তিশালী অংশে (পেলভিস এবং বুকের এলাকা) ছড়িয়ে দেয়
- যাত্রীদের একে অপরের সাথে বা গাড়ির ভিতরে সংঘর্ষের ঝুঁকি হ্রাস করে
- গাড়ি থেকে চালক বা যাত্রীদের নিক্ষিপ্ত হওয়ার ঝুঁকি হ্রাস করে।






একটি সিটবেল্ট পরা দুর্ঘটনা থেকে বেঁচে থাকার সম্ভাবনা দ্বিগুণ করে এবং আঘাতের ঝুঁকি হ্রাস করে।

আপনার পরিবারকে রক্ষা করার জন্য, সর্বদা নিশ্চিত করুন যে তারা সবাই সঠিকভাবে বাকল আপ (সিটবেল্ট ঠিকভাবে লাগানো) করছে।

সড়কে শিশুদের নিরাপদ রাখার বিষয়ে আরও তথ্যের জন্য এর পরিবার বিভাগের **safetytown.com.au**- যান

**আপনার সন্তানের সাথে শেয়ার করার জন্য প্রধান সড়ক নিরাপত্তা বার্তা**

- ক্লিক, ক্ল্যাক, সামনে এবং পিছনে
- সবদা নিরাপদে বাকল আপ করুন

স্টক কোড 45095140 জুন ২০২৪ © Transport for NSW

NSW GOVERNMENT

NSW এর রাস্তায় বহু প্রাণ হারিয়েছে।
**আমাদের লক্ষ্য শূন্য প্রাণহানি।**

TOWARDS ZERO